

জাতীয় শিক্ষক দিবস আজ

স্টাফ রিপোর্টার : আজ ১৯ জানুয়ারী, জাতীয় শিক্ষক দিবস। এবারই প্রথম সরকারীভাবে জাতীয় শিক্ষক দিবস ২০০৩ উদযাপনের উদ্যোগ নেয়া হয়েছে। জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে প্রেসিডেন্ট প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহমেদ ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পৃথক পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তারা জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে শিক্ষক সমাজের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের যৌথ উদ্যোগে আজ সকাল ১১টায় বিয়াম অডিটোরিয়ামে জাতীয় শিক্ষক দিবসের উদ উদ্বোধনী জাতীয় শিক্ষক দিবস সন্ধাননা পদক ২০০৩ প্রদান ও জাতীয় শিক্ষা সন্ধান ২০০৩-এর শ্রেষ্ঠ শিক্ষকদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে। অন্যান্যে প্রধান

৪-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

জাতীয় শিক্ষক দিবস আজ

প্রথম পৃষ্ঠার পর

অভিধি হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর ডঃ ইয়াজউদ্দিন আহমেদ, শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন ও শিক্ষা উপমন্ত্রী মোঃ আবদুস সালাম পিটু অনুষ্ঠানে বিশেষ অভিধি হিসেবে উপস্থিত থাকবেন। জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে বাংলাদেশ শিক্ষক সমিতি অজু (রবিবার) বিকেল ৩টায় ঢাকার শিক্ষা ভবন থেকে রাজধানীতে বর্ণাঢ্য র্যালির আয়োজন করেছে। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন, উপমন্ত্রী আবদুস সালাম পিটু, শিক্ষক সমিতির সম্পাদক মোঃ সেলিম ফুইয়া প্রমুখ র্যালিতে নেতৃত্ব দেবেন। র্যালিটি মঙ্গলা ভবন, বিজয় নগর, পল্টন হয়ে মুক্তাঙ্গনে গিয়ে শেষ হবে।